এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ভূগোল ও পরিবেশ

বিষয় কোড: ১ ১ ০

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ▶ মিঃ জামান ভূগোলসংক্রান্ত এক সেমিনারে তার বক্তৃতায় বলেন, বর্তমানে ভূগোল শুধু প্রাকৃতিক ও মানবিক ভূগোলের মধ্যে সীমাবন্ধ নেই। এর বহুবিধ শাখা রয়েছে। যা ভূগোলের পরিধিকে সম্প্রসারিত করেছে। প্রযুক্তির যত উন্নয়ন ঘটেছে ভূগোলের আওতা ও পরিধিও তত সম্প্রসারিত হচ্ছে।

ক. কোন ভূগোলবিদ সর্বপ্রথম Geography কথাটি ব্যবহার করেন? ১

খ. ভূগোলের পরিধি সম্প্রসারিত হয়েছে কেন? ব্যাখ্যা কর। ২

গ. মি. জামানের বক্তৃতা থেকে মানবীয় ভূগোল পাঠের মাধ্যমে আমরা কোন কোন বিষয় সম্বন্ধে অবগত হতে পারি— ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. জামান মনে করেন, "প্রাকৃতিক ভূগোল, অর্থনৈতিক ভূগোল ও মানবিক ভূগোল ভূগোলের পরিধিকে সম্প্রসারিত করেছে।"— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

২. ▶ শিক্ষক শ্রেণিকক্ষে টেবিলের উপর কয়েক স্তর কাপড় রেখে কাপড়ের দুই পাশ থেকে পার্শ্বচাপ দিয়ে ভঙ্গিল পর্বত সৃষ্টির নমুনা দেখিয়ে দিলেন।

ক. ভঙ্গিল পর্বত কাকে বলে? ১

খ. কীভাবে আগ্নেয় পর্বত গঠিত হয়? ২

গ. উক্ত নমুনার চিত্র অংকন করে পর্বতটির গঠন প্রক্রিয়া লিখ। ৩

ঘ. আলোচিত পর্বত ও ল্যাকোলিথ পর্বতের মধ্যে তুলনা কর। ৪

৩. ▶ দৃশ্যকল্প-১: দিনাজপুর ও শিলং একই অক্ষাংশে অবস্থিত হলেও উচ্চতার কারণে শিলং এর জলবায়ু দিনাজপুর অপেক্ষা শীতল।

দৃশ্যকল্প-২: ঢাকা ও কক্সবাজার সমুদ্র থেকে দূরত্বের কারণে জলবায়ু ভিন্ন হয়।

দৃশ্যকল্প-৩: আমেরিকা যুক্তরাষ্ট্রের পূর্ব উপকূল ও উত্তর আমেরিকার পূর্ব উপকূল উভয়ই সমুদ্র উপকূলে অবস্থিত হলেও এদের জলবায়ু বিপরীত বৈশিষ্ট্য সম্পন্ন।

ক. কত বছরের আবহাওয়ার গড় অবস্থাকে জলবায়ু বলে? ১

খ. জলবায়ুর নিয়ামক কাকে বলে? ২

গ. দৃশ্যকল্প-১ এর তাপমাত্রার পার্থক্য হওয়ার কারণ নির্ণয় কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ ও দৃশ্যকল্প-৩ এর অবস্থা কি একই প্রকৃতির? এর কারণ বিশ্লেষণ কর। ৪

৪. ▶ পারভেজ চাকরি সূত্রে ঢাকা ছেড়ে রাঙামাটিতে বসবাস করে। সে রাঙামাটির সাথে ঢাকার জনবসতির কাঠামোর তুলনা করে দেখতে পায়, কিছু কারণের প্রভাবে উভয় অঞ্চলের জনসংখ্যার ঘনত্ব, আধিক্য, কাঠামো প্রকৃতির মাঝে পার্থক্য বিদ্যমান।

ক. বারিমণ্ডল কী? ১

খ. সমুদ্রস্রোতের প্রধান দুটি কারণ লিখ। ২

গ. পারভেজের মতে ঢাকার জনবসতির কাঠামো কোন কোন কারণ দ্বারা প্রভাবিত হয়? আলোচনা কর। ৩

ঘ. পারভেজ যে অঞ্চলে বাস করছে সে অঞ্চলের জনবসতির কাঠামো মূলত প্রাকৃতিক নিয়ামক দ্বারা প্রভাবিত— বিশ্লেষণ কর। ৪

৫. ▶ অনিমেশ চাকমা ও অতুল চাকমা দুই ভাই। তারা দীঘিনালা উপজেলার বাসিন্দা। বড় ভাই অনিমেশ পাহাড়ের গায়ে নানা ধরনের সবজি ও মশলা আবাদ করেন। অপরদিকে অতুল চাকমা এক ডজন তাঁতী নিয়ে বাড়িতেই একটি তাঁত শিল্প গড়ে তুলেছেন।

ক. সম্পদ কাকে বলে? ১

খ. সম্পদ সংরক্ষণের উপায় কী? ২

গ. অনিমেশ চাকমার কাজ কোন পর্যায়ের অর্থনৈতিক কর্মকাণ্ডের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩

ঘ. অতুল চাকমা যে ধরনের শিল্প গড়ে তুলেছে এ শিল্পগুলো বাংলাদেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে— বিশ্লেষণ কর। ৪

৬. ▶ ভূগোল শিক্ষক মনসুর সাহেব একদল শিক্ষার্থী নিয়ে বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলে শিক্ষা সফরে যান। সেখানে তারা দেখতে পায় একটি নদীর স্রোতকে কাজে লাগিয়ে এক ধরনের শক্তি উৎপন্ন করা হচ্ছে।

ক. ভাওয়াল ও মধুপুর গড়ের আয়তন কত? ১

খ. বাংলাদেশের ভৌগোলিক অবস্থান উল্লেখ কর। ২

গ. বাংলাদেশের একটি মানচিত্র এঁকে উদ্দীপকে বর্ণিত নদীটি চিহ্নিত কর। ৩

ঘ. বাংলাদেশের অর্থনীতিতে উদ্দীপকে বর্ণিত নদীটির গতিপথ উল্লেখ করে অর্থনৈতিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৭. ▶ আন্তর্জাতিক তারিখ রেখা ভূগোলের অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। আন্তর্জাতিক সময়সূচিতে সমস্যা দূর করার জন্য এই রেখা ব্যবহৃত হয়। আন্তর্জাতিক স্বীকৃতির মাধ্যমে এই রেখা কল্পনা করা হয়।

ক. আন্তর্জাতিক তারিখ রেখা কাকে বলে? ১

খ. আন্তর্জাতিক তারিখ রেখা অতিক্রম করলে কোনো জাহাজাকে দিন যোগ বা বিয়োগ করতে হয় কেন? ২

গ. উদ্দীপকের রেখাটির প্রধান দুটি গুরুত্ব বিশ্লেষণ কর। ৩

ঘ. তারিখ সংক্রান্ত জটিলতা দূর করার জন্য এই রেখাটি কল্পনা করা হয়— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৮. ▶ সোহেল সাভার যাওয়ার পথে আমিন বাজার পার হওয়ার পরেই চোখ জ্বালাপোড়া অনুভব করে। সে দেখতে পেল রাস্তার উভয় পাশে অনেক ইটের ভাটা।

ক. বায়ু দূষণ কী? ১

খ. পরিবেশের ভারসাম্যহীনতা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. সোহেলের চোখ জ্বালাপোড়া করার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত পরিবেশ উদ্ভিদকুলের ওপর কীরূপ প্রভাব ফেলবে বিশ্লেষণ কর। ৪

৯. ▶ রুমি পটুয়াখালী জেলার বাসিন্দা। তাদের এলাকায় নিয়মিত বন্যা ও ঘূর্ণিঝড় দেখা দেয়। অপরদিকে তার বন্ধু সুমি বান্দরবান জেলার বাসিন্দা। সে প্রত্যক্ষভাবে কখনও ঘূর্ণিঝড় বা জলচ্ছ্বাস এর শিকার হয়নি। কিন্তু সে পাহাড়ি ঢল দেখেছে।

ক. সুনামি কী? ১

খ. দুর্যোগ ব্যবস্থাপনার ছকটি লিখ। ২

গ. সুমির এলাকায় কী ধরনের প্রাকৃতিক দুর্যোগ দেখা দিতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ. রুমি ও সুমির এলাকায় ভিন্ন ধরনের দুর্যোগ দেখা দেওয়ার কারণ কী? যুক্তিসহকারে লিখ। ৪

১০. ▶ ঢাকার অদূরে ডেমরা থেকে নারায়ণগঞ্জ শহর পর্যন্ত শীতলক্ষ্যা নদীর তীর ঘেঁষে নানা ধরনের শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠেছে। এদের মধ্যে ইপিজেড, জুট মিলস, কটন মিলস বিশেষভাবে উল্লেখযোগ্য।

ক. EPZ এর পূর্ণরূপ লিখ। ১

খ. বায়ুকে নবায়নযোগ্য সম্পদ বলার কারণ কী? ২

গ. উদ্দীপকে উল্লেখিত শিল্পগুলো কোন শ্রেণির ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত অঞ্চলে শিল্প কারখানা গড়ে ওঠার প্রাকৃতিক কারণ বিশ্লেষণ কর। ৪

১১. ▶ করিম সাহেব দীর্ঘদিন ধরে বাংলাদেশের দক্ষিণাঞ্চলে বনবিভাগে একজন কর্মকর্তা হিসেবে সুনামের সাথে দায়িত্ব পালন করছেন। তার এলাকার বনভূমি মৌসুমী চিরহরিৎ। বৃক্ষগুলো নানাকাজে ব্যবহৃত হচ্ছে। তবে বর্তমানে বনভূমি যেভাবে নিধন হচ্ছে তাতে তিনি উদ্বিগ্ন। ইতোমধ্যে বঙ্গোপসাগর বিধৌত এলাকায় তিনি বনায়ন কার্যক্রম শুরু করেছেন।

ক. বনভূমি কাকে বলে? ১

খ. পরিবেশ সংরক্ষণে বনভূমির ভূকিমা ব্যাখ্যা কর। ২

গ. করিম সাহেবের এলাকার বনভূমির বৃক্ষ কি কি কাজে ব্যবহার করা হচ্ছে? বুঝিয়ে লেখ। ৩

ঘ. করিম সাহেবের বনভূমি সংরক্ষণের উদ্যোগ গ্রহণের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট   পূর্ণমান — ৩০   বিষয় কোড: ১ ১ ০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. "পরিবেশ বলতে স্থান ও কালের কোন নির্দিষ্ট বিন্দুতে মানুষকে ঘিরে সকল অবস্থার যোগফলকে বোঝায়" উক্তিটি কার?

(ক) কার্ল রিটার   (খ) হামবোল্ট
(গ) সি.সি. পার্ক   (ঘ) ম্যাকনি

২. ছুটন্ত তারা কোনটি?

(ক) ছায়াপথ   (খ) উল্কা
(গ) ধুমকেতু   (ঘ) নক্ষত্র

৩. ভূত্বক এবড়ো-খেবড়ো ও গর্তে ভরা কোন গ্রহের?

(ক) শুক্র   (খ) বুধ
(গ) পৃথিবী   (ঘ) নক্ষত্র

৪. নিরক্ষরেখা থেকে উত্তর দিকে ও দক্ষিণ দিকে দুই মেরু পর্যন্ত কত ডিগ্রি?

(ক) ৪৫°   (খ) ৭৫°
(গ) ৮৫°   (ঘ) ৯০°

৫. প্রতিপাদ স্থান দুইটির মধ্যে সময়ের পার্থক্য কত ঘন্টা?

(ক) ৬ ঘন্টা   (খ) ৯ ঘন্টা
(গ) ১২ ঘন্টা   (ঘ) ২৪ ঘন্টা

৬. জিপিএস কীসের সাহায্যে ভূ-উপগ্রহ থেকে তথ্য সংগ্রহ করে?

(ক) ট্রান্সফরমার   (খ) রিমোট কন্ট্রোল
(গ) ভূমির আকার   (ঘ) রিসিভার

৭. ভগ্নাংশ আকারে দেওয়া স্কেলে লব রাশি দিয়ে কী বোঝায়?

(ক) ভূমির দূরত্ব   (খ) মানচিত্রের দূরত্ব
(গ) ভূমির আকার
(ঘ) মানচিত্রের পরিবর্তন

৮. ভূপৃষ্ঠের পরিবর্তনগুলো হলো—

i. ধীর পরিবর্তন
ii. ক্রমাগত পরিবর্তন
iii. আকস্মিক পরিবর্তন

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii   (খ) ii ও iii
(গ) i ও iii   (ঘ) i, ii ও iii

৯. কেওলিন কোন ধরনের শিলা?

(ক) রূপান্তরিত শিলা   (খ) আগ্নেয় শিলা
(গ) অজৈব শিলা   (ঘ) পাললিক শিলা

১০. কৃষ্ণ মৃত্তিকাময় মালভূমি কোথায় অবস্থিত?

(ক) ভারতের উত্তরাঞ্চলে
(খ) ভারতের দাক্ষিণাত্যে
(গ) পশ্চিমাঞ্চলে
(ঘ) পূর্বে

১১. নায়াগ্রা জলপ্রপাত কোন নদীতে সৃষ্টি হয়েছে?

(ক) ডোবার নদী   (খ) কলোরাডো নদী
(গ) সেন্ট লরেন্স   (ঘ) সিন্ধু নদ

১২. আল্পস পর্বত কোথায় অবস্থিত?

(ক) এশিয়ায়
(খ) ইউরোপে
(গ) উত্তর আমেরিকায়
(ঘ) দক্ষিণ আমেরিকায়

১৩. শব্দ তরঙ্গ স্থানান্তরে প্রয়োজন কোনটি?

(ক) বায়ুমণ্ডল   (খ) বারিমণ্ডল
(গ) লিথোমণ্ডল   (ঘ) তাপমণ্ডল

১৪. মধ্য ইউরোপে শীতকালে কোন বৃষ্টিপাত হয়?

(ক) পরিচলন   (খ) শৈলোৎক্ষেপ
(গ) ঘূর্ণি   (ঘ) সংঘর্ষ

১৫. বৈশ্বিক ঝুঁকিতে থাকা সবচেয়ে বন্যা কবলিত দেশ কোনটি?

(ক) বাংলাদেশ   (খ) চীন
(গ) জাপান   (ঘ) হাইতি

১৬. চতুর্দিকে স্থল দ্বারা বেষ্টিত জলভাগকে কী বলে?

(ক) মহাসাগর   (খ) হ্রদ
(গ) উপসাগর   (ঘ) সাগর

১৭. টাইটানিক জাহাজ ডুবার প্রধান কারণ কোনটি?

(ক) পাথর খণ্ড
(খ) বড় দ্বীপ
(গ) তীব্র সমুদ্রস্রোত
(ঘ) হিমশৈল

১৮. বলপূর্বক অভিগমনের পর যারা সাময়িকভাবে অন্য স্থানে আশ্রয় গ্রহণ করে তাদের কী বলে?

(ক) উদ্বাস্তু   (খ) অস্থায়ী উদ্বাস্তু
(গ) শরণার্থী   (ঘ) প্রবাসী

১৯. নীল নদের অববাহিকায় কোন নগরী গড়ে ওঠে?

(ক) হরপ্পা   (খ) মহেঞ্জদারো
(গ) আরব   (ঘ) থেবস

২০. মৃত্তিকা সংরক্ষণ পদ্ধতি কেন ব্যবহার করা হয়?

(ক) সম্পদ সংরক্ষণের জন্য
(খ) ফলক বৃদ্ধির জন্য
(গ) সার ব্যবহারের জন্য
(ঘ) কৃষি মৃত্তিকা রক্ষার জন্য

২১. সালিশ ট্রাইবুনাল কোথায় অবস্থিত?

(ক) নেদারল্যান্ডের হেগে
(খ) জার্মানির হামবুর্গ
(গ) জার্মানির বার্লিন
(ঘ) সুইজারল্যান্ডের জেনেভা

২২. পদ্মা নদী কোথায় মেঘনার সাথে মিলিত হয়েছে?

(ক) চাঁদপুর (খ) গোয়ালন্দ
(গ) কুড়িগ্রাম (ঘ) ভৈরব

২৩. বর্ষাকালে বাংলাদেশে কোন মৌসুমী বায়ু সক্রিয় থাকে?

(ক) দক্ষিণ-পশ্চিম (খ) দক্ষিণ-পূর্ব
(গ) উত্তর-পূর্ব (ঘ) উত্তর-পশ্চিম

২৪. কোন মৌসুমে গম চাষ করা হয়?

(ক) বর্ষা মৌসুমে
(খ) শীত মৌসুমে
(গ) গ্রীষ্ম মৌসুমে
(ঘ) বৃষ্টিহীন শীত মৌসুমে

২৫. একমাত্র নিউজপ্রিন্ট কারখানাটি কোথায় অবস্থিত?

(ক) ঢাকা (খ) চট্টগ্রাম
(গ) খুলনা (ঘ) রাজশাহী

২৬. শিশুস্বর্গ ও আর্ট গ্যালারি কোন নদীর তীরে অবস্থিত?

(ক) তিস্তা (খ) বুড়িগঙ্গা
(গ) তিতাস (ঘ) চিত্রা

২৭. অভ্যন্তরীণ যোগাযোগ সড়কগুলো কী কেন্দ্রিক?

(ক) রাজধানী
(খ) বন্দর
(গ) উৎপাদন
(ঘ) বাণিজ্য

২৮. প্রধান প্রাথমিক রপ্তানি পণ্য কী?

(ক) হিমায়িত খাদ্য (খ) কৃষিজাত পণ্য
(গ) বস্ত্র (ঘ) সার

২৯. কোনো কিছুর উপযুক্ততা বৃদ্ধিকে কী বলে?

(ক) উন্নতি
(খ) প্রবৃদ্ধি
(গ) উন্নয়ন
(ঘ) সমৃদ্ধি

৩০. ভূমি ধস বৃদ্ধি পাচ্ছে–

i. মাটি ধৌত হয়ে
ii. মাটি ক্ষয় সাধন হয়ে
iii. মরুকরণ হয়ে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তর	১	(গ)	২	(খ)	৩	(খ)	৪	(ঘ)	৫	(গ)	৬	(ঘ)	৭	(খ)	৮	(গ)	৯	(ঘ)	১০	(খ)	১১	(গ)	১২	(খ)	১৩	(ক)	১৪	(গ)	১৫	(ক)	১৬	(খ)	১৭	(ঘ)	১৮	(গ)	১৯	(ঘ)	২০	(ঘ)
	২১	(ক)	২২	(ক)	২৩	(ক)	২৪	(খ)	২৫	(গ)	২৬	(ঘ)	২৭	(ক)	২৮	(ক)	২৯	(গ)	৩০	(ক)																				